



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।



বিজ্ঞপ্তি নং- সশাসুক/বগ/২০২৪/৩৬৯

তারিখ : ০৩/০৩/২০২৪ খ্রি.

এতদ্বারা অত্র কলেজের সকল শিক্ষার্থীকে জানানো যাচ্ছে যে, অত্র কলেজে 'জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২৪' উদযাপন উপলক্ষে নিম্নবর্ণিত বিষয়সমূহে প্রতিষ্ঠান পর্যায়ে প্রতিযোগিতা আগামী ২০/০৩/২০২৪ ও ২১/০৩/২০২৪ খ্রি. সকাল ১০.০০ ঘটিকায় ১১৮ ও ১১৯ নং কক্ষে অনুষ্ঠিত হবে। অত্র কলেজের আগ্রহী শিক্ষার্থীদের উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য বলা হলো।

উল্লেখ্য যে, উক্ত প্রতিযোগিতা ১১শ-১২শ শ্রেণি 'গ' গ্রুপ এবং ১৩শ-১৭শ শ্রেণি 'ঘ' গ্রুপে অনুষ্ঠিত হবে। উভয় গ্রুপে প্রতিযোগিতায় অংশগ্রহণে আগ্রহী শিক্ষার্থীদেরকে আগামী ১৮/০৩/২০২৪ খ্রি. দুপুর ১.০০টার মধ্যে বাংলা বিভাগে প্রতিযোগিতার বিষয় উল্লেখ পূর্বক মোবাইল নম্বর, নাম-তথ্য কলেজ পরিচয়পত্রের ফটোকপিসহ জমা দিতে হবে।

বিশেষ প্রয়োজনে যোগাযোগ- ড. মো. কামাল উদ্দিন শামীম, সহযোগী অধ্যাপক, বাংলা বিভাগ, অত্র কলেজ (০১৬৮১৮১০৮০১)।

২০/০৩/২০২৪ তারিখে নিম্নোক্ত প্রতিযোগিতাসমূহ অনুষ্ঠিত হবে-

১.	কেরাত
২.	হামদ/নাত
৩.	বাংলা রচনা প্রতিযোগিতা-বিষয়: অনির্ধারিত (বিচারক তাৎক্ষণিক নির্ধারণ করবেন), সময়-৩০ মিনিট
৪.	ইংরেজি রচনা প্রতিযোগিতা-বিষয়: অনির্ধারিত (বিচারক তাৎক্ষণিক নির্ধারণ করবেন), সময়-৩০ মিনিট
৫.	ইংরেজি বক্তব্য প্রতিযোগিতা
৬.	বাংলা কবিতা আবৃত্তি (স্বরচিত/নির্বাচিত)
৭.	বিতর্ক প্রতিযোগিতা (একক)
৮.	নির্ধারিত বক্তৃতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধ

২১/০৩/২০২৪ তারিখে নিম্নোক্ত প্রতিযোগিতাসমূহ অনুষ্ঠিত হবে-

১.	দেশাত্মবোধক গান
২.	রবীন্দ্র সংগীত
৩.	নজরুল সংগীত
৪.	উচ্চাঙ্গ সংগীত
৫.	লোক সংগীত (ভাওয়াইয়া, ভাটিয়ালী, পল্লীগীতি, লালনগীতি)
৬.	জারীগান (দলভিত্তিক)
৭.	নৃত্য (উচ্চাঙ্গ)
৮.	লোক নৃত্য।
৯.	তাৎক্ষণিক অভিনয়

প্রতিস্বাক্ষর
০৩/৩/২০২৪
অধ্যক্ষ

সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।

অধ্যক্ষ

সরকারি শাহ সুলতান কলেজ
বগুড়া। ০৩/৩/২০২৪

- বিতরণ:
১. উপাধ্যক্ষ, অত্র কলেজ।
 ২. কলেজ ওয়েবসাইট, অত্র কলেজ।
 ৩. সংরক্ষণ নথি।

আহ্বায়ক
০৩/৩/২০২৪

জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৪ উদযাপন কমিটি
সরকারি শাহ সুলতান কলেজ, বগুড়া।